

📃 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ৪৫

া আরবি মূল আয়াত:

قَالَا رَبَّنَا إِنَّنَا نَخَافُ أَن يَّفرُطَ عَلَينَا أَو أَن يَّطغى ﴿٢٥﴾

🗚 অনুবাদসমূহ:

তারা বলল, 'হে আমাদের রব, আমরা তো আশংকা করছি যে, সে আমাদের উপর বাড়াবাড়ি করবে অথবা সীমালজ্যন করবে'। — আল-বায়ান

তারা বলল, 'হে আমাদের প্রতিপালক! আমাদের ভয় হচ্ছে সে আমাদের প্রতি হঠাৎ উত্তেজিত হয়ে উঠবে কিংবা আমাদের প্রতি আচরণে বাড়াবাড়ি করবে।' — তাইসিরুল

তারা বললঃ হে আমাদের রাব্ব! আমরা আশংকা করি যে, সে আমাদেরকে ত্বরায় শাস্তি দিতে উদ্যত হবে অথবা অন্যায় আচরণে সীমালংঘন করবে। — মুজিবুর রহমান

They said, "Our Lord, indeed we are afraid that he will hasten [punishment] against us or that he will transgress." — Sahih International

- ৪৫. তারা বলল, হে আমাদের রব! আমরা আশংকা করি সে আমাদের উপর বাড়াবাড়ি করবে অথবা অন্যায় আচরণে সীমালংঘন করবে।(১)
 - (১) (أَنْ يَكْافُ) মূসা ও হারন আলাইহিমাস সালাম এখানে আল্লাহ্ তা'আলার সামনে দুই প্রকার ভয় প্রকাশ করেছেন। এক ভয় (أَنْ يَكْرُكُ শব্দের মাধ্যমে ব্যক্ত করেছেন। এর অর্থ সীমালংঘন করা। উদ্দেশ্য এই যে, ফিরআউন সম্ভবতঃ আমাদের বক্তব্য শ্রবণ করার আগেই ক্ষমতার অহমিকায় উত্তেজিত হয়ে উঠবে এবং অনাকাঙ্খিত কিছু করে বসবে। [ইবন কাসীর] দ্বিতীয় ভয় (أَنْ يَكْفُلُ) শব্দ দ্বারা বর্ণনা করেছেন। এর উদ্দেশ্য এই যে, সম্ভবতঃ সে আপনার শানে অসমীচীন কথাবার্তা বলে আরো বেশী অবাধ্যতা প্রদর্শন করবে। অথবা আ্যাদের উপর তার হাত প্রসারিত করবে। ইবন আব্বাস বলেন, এর অর্থ সীমালজ্ঘন করবে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৪৫) তারা বলল, 'হে আমাদের প্রতিপালক! আমরা অবশ্যই আশংকা করি যে, সে আমাদেরকে দ্রুত শাস্তি দিতে উদ্যত হবে অথবা অন্যায় আচরণে সীমালংঘন করবে।'





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2393

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন